রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ১৪, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

অঃ প্রঃ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ই নভেম্বর, ১৯৯২/৩০শে কার্তিক, ১৩৯৯

নং এস, আর, ও, ২৪২-আইন/৯২ সম(অ-ঃপ্রঃ-১)/বিপিএটিসি-২৮/৯০—Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ord. No. XXVI of 1984) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামাঃ—এই বিধিমালা বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (রেক্টর, পরিচালনা পর্ষদের সদস্য ও পরিচালক) নিয়োগ বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাঃ—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট" বলিতে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান প্রদত্ত ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(গ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।



মূল্যঃ টাকা ২.০০

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৮। শিক্ষানবীস।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এক বৎসরের জন্য, শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবারের এইরূপে সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষঃ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি(৪) এর বিধান সাপেক্ষে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবে ; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ ঃ

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্টকৃত পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ পর্যন্ত তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য সরকার কর্তৃক নির্ধারিত পরীক্ষা, যদি থাকে, পাস করেন এবং প্রশিক্ষণ, যদি থাকে, গ্রহণ করেন।

সরদার মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮

তফসিল

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | রেক্টর | | প্রেষণে বদলীর মাধ্যমে | সরকারের সচিবের পদ মর্যাদা সম্পন্ন সরকারী কর্মকর্তা |
| ২। | সদস্য, পরিচালনা পর্ষদ | ৪৫ বৎসরের নীচে নয় | (ক) ৫০% পরিচালকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পরিচালক পদে কমপক্ষে ৫ বৎসর চাকুরী। |
| | | | (খ) ২৫% প্রেষণে বদলীর মাধ্যমে এবং | (খ) প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ |
| | | | (গ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে, সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে চুক্তি ভিত্তিতে/প্রেষণে বদলীর মাধ্যমে। | সরকারের যুগ্ম-সচিব, যাহার কোন মন্ত্রণালয়/সংবিধিবিধিবদ্ধ/স্বায়ত্বশাসিত সংস্থায় আর্থ ব্যবস্থাপনা/ পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসনিক প্রশিক্ষণ / গবেষণা কাজে সাম্প্রতিক দায়িত্ব পালনের অভিজ্ঞতা আছে এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লোক প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজতত্ত্ব/পদের সংগে সম্পর্কযুক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী/ডিপ্লোমা আছে । |

সরদার মহিদুল ইসলাম
সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (গ) সরাসরি/চুক্তিভিত্তিতে নিয়োগের ক্ষেত্রেঃ<br>লোক প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজতত্ত্ব/পদের সম্পর্কযুক্ত কোন বিষয়ে পিএইচডি ডিগ্রী এবং আর্থ ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/প্রশাসনিক গবেষণা কাজে অন্ততঃ ১৫ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>সরকারের যুগ্ম সচিবের সমমর্যাদা সম্পন্ন পদে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা এবং উপরোক্ত বিষয়সমূহের যে কোনটিতে স্নাতকোত্তর ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট। |
| ৬ | পরিচালক | ৪০ বৎসরের ঊর্দ্ধে নহে। | (ক) ৫০% উপ-পরিচালকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ<br>উপ-পরিচালক পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৩০% প্রেষণে বদলীর মাধ্যমে<br>এবং | (খ) প্রেষণে বদলীর ক্ষেত্রেঃ |
| | | | (গ) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে তবে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে চুক্তি ভিত্তিতে/প্রেষণে বদলীর মাধ্যমে। | সরকারের উপ-সচিব/জেলা প্রশাসক<br>অথবা<br>মন্ত্রণালয়/সংবিধিবদ্ধ/স্বায়ত্তশাসিত সংস্থায় আর্থ-ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসনিক/গবেষণা কাজে ১০ বৎসরের অভিজ্ঞতাসহ লোক প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজতত্ত্ব/পদের সাথে সম্পর্কযুক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেটধারী সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা। |

সরদার মহিদুল ইসলাম
সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (গ) সরাসরি/চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রেঃ<br><br>লোক প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজ-তত্ত্ব/সংশ্লিষ্ট অন্য যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ না থাকা এবং আর্থ ব্যবস্থাপনা/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ/প্রশাসনিক/গবেষণা কাজে ৭ বৎসরের অভিজ্ঞতা;<br><br>অথবা<br><br>উপরে বর্ণিত যে কোন বিষয়ে পিএইচডি ডিগ্রী এবং আর্থ-ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/প্রশাসন/গবেষণা কাজে তিন বৎসরের অভিজ্ঞতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান

সচিব।

০২/০৪/১৯

সরদার মহিদুল ইসলাম
সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।